



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা



দ্বৈজারী ম্যানেজমেন্ট বিভাগ

নং-প্রকা/টিএমডি-১৭(০৪)/২০১৯-২০২০/৯৫৯

তারিখঃ ১০-০৩-২০২০

- ০১। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
- ০২। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
- ০৩। সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক
- ০৪। সকল শাখা ব্যবস্থাপক, (মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।


বিষয়ঃ নিত্য প্রয়োজনীয় ভোগ্যপণ্য আমদানি অর্থায়নের সুদহার প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা এর ১০ মার্চ ২০২০ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-০৫ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

- ০২। বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা এর উক্ত সার্কুলার লেটার এর নির্দেশনা সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

আপনার বিশ্বস্ত



(গোলাম মোঃ আরিফ)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

নং-প্রকা/টিএমডি-১৭(০৪)/২০১৯-২০২০/৯৫৯

তারিখঃ ১০-০৩-২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা ও বিভাগীয় কার্যালয়সমূহ।
- ০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক ও অধ্যক্ষ, স্টাফ কলেজ, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৫। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা কে উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৯। নথি।


(মোঃ আল মামুন)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ০৫

০২ মার্চ ২০২০
তারিখ : -----
১৮ ফাল্গুন ১৪২৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

নিত্য প্রয়োজনীয় ভোগ্যপণ্য আমদানি অর্থায়নের সুদহার প্রসঙ্গে।

২৪ ফেব্রুয়ারি ২০২০ তারিখে বিআরপিডি সার্কুলার নং-০৩ এর মাধ্যমে ১ এপ্রিল ২০২০ তারিখ হতে কার্যকর করে ক্রেডিট কার্ড ব্যতীত অন্যান্য সকল খাতে অশ্রেণিকৃত ঋণ/বিনিয়োগ এর উপর সুদ/মুনাফা হার সর্বোচ্চ ৯% নির্ধারণ করা হয়েছে। ফলে, ১ এপ্রিল ২০২০ তারিখ হতে ক্রেডিট কার্ড ব্যতীত নিত্য প্রয়োজনীয় পণ্য আমদানি অর্থায়নসহ সকল ধরনের অশ্রেণিকৃত ঋণের (বিদ্যমান ও নতুন করে প্রদেয়) সুদহার হবে ৯%। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, আসন্ন রমজান উপলক্ষে ব্যবসায়িরা এখন হতেই নিত্য প্রয়োজনীয় ভোগ্যপণ্য আমদানি শুরু করেছেন। ফলে আসন্ন রমজানে নিত্য প্রয়োজনীয় ভোগ্যপণ্য মূল্যের উর্ধ্বগতি রোধ ও এসব পণ্যের মূল্য সহনীয় পর্যায়ে রাখাসহ পর্যাপ্ত সরবরাহ নিশ্চিতকল্পে নিত্য প্রয়োজনীয় ভোগ্যপণ্যের আমদানি অর্থায়নের সুদহার অবিলম্বে হ্রাস করা প্রয়োজন।

২। এ প্রেক্ষিতে, অত্র সার্কুলার লেটার জারির তারিখ হতে কার্যকর করে নিত্য প্রয়োজনীয় ভোগ্যপণ্য হিসেবে ভোজ্যতেল, ছোলা, ডাল, মটর, পেঁয়াজ, মসলা, খেজুর, ফলমূল এবং চিনি আমদানি অর্থায়নের সুদহার সর্বোচ্চ ৯% নির্ধারণ করা হলো।

৩। তাছাড়া, উল্লিখিত পণ্যসমূহের আমদানি ঋণপত্র স্থাপনের ক্ষেত্রে মার্জিনের হার ন্যূনতম পর্যায়ে রাখার জন্যও আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে যা ৩০ মে ২০২০ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,




(হসনে আরা শিখা)

মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)

ফোন: ৯৫৩০১৫৫

উপ-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং ৪৩৭৭ তারিখ ০৭/০৩/২০২০
-১
* প্রয়োজনীয় পদক্ষেপ নিত
* স্বস্বাক্ষর করুন
* জরুরী



উপ-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়-১
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং ০১৬১ তারিখ ০২/০৩/২০২০
বিভাগ: DGM-Treasury
ডিএমআই/১
০২/০৩/২০২০